

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৫৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ লোকজন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ঐ সালাত সম্পর্কে জিজ্ঞাসা করেন, যে সালাত মহান আল্লাহ তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর পেশ করার নির্দেশ দিয়েছেন

ذكر البيان بأن القوام إِنَّمَا سَأَلُوا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ وَصَفْ الصَّلَاةِ الَّتِي أَمَرَهُمُ اللَّهُ جَلَّ وَعَلَا أَنْ يُصَلُّوا بِهَا عَلَى رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

1955 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ الطَّائِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مالك عن نعيم بن عبد الله المجمر أَنَّ مُحَمَّدَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدِ الْأَنْصَارِيُّ أَخْبَرَهُ عَنْ أَبِي مَسْعُودِ الْأَنْصَارِيِّ أَنَّهُ قَالَ: أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ فِي مَجْلِسِ سَعْدِ بْنِ عُبَادَةَ فَقَالَ: بَشِيرُ بْنُ سَعْد: أَمَرَنَا اللَّهُ يَا رَسُولَ اللَّهِ أَنْ نُصَلِّيَ عَلَيْكَ فَكَيْفَ نُصَلِّي عليك؟ قَالَ: فَسَكَتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى تَمَنَّيْنَا أَنَّهُ لَمْ يَسْأَلْهُ ثُمَّ فَالَ: (قُولُوا: اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ عَلَى الْإِبْرَاهِيمَ فِي الْعَالَمِينَ إِنَّكَ حميد مجيد على مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ عَلَى الْإِبْرَاهِيمَ فِي الْعَالَمِينَ إِنَّكَ حميد مجيد والسلام كما قد علمتم)

الراوي: أَبُو مَسْعُودِ الْأَنْصَارِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1955 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة)) , ((صحيح أبي داود)) (901)

বাংলা

১৯৫৫. আবৃ মাস'উদ আল আনসারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের কাছে আসেন, এসময় আমরা সা'দ বিন উবাদাহ রাদিয়াল্লাহু আনহুর মজলিসে ছিলাম। অতঃপর বাশীর বিন সা'দ রাদিয়াল্লাহু আনহু বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, মহান আল্লাহ



আমাদেরকে আদেশ করেছেন আপনার উপর সালাত পেশ করতে, কাজেই আমরা আপনার উপর কিভাবে সালাত পেশ করবো?" রাবী বলেন, এসময় রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম চুপ থাকেন এমনকি আমাদের মনে হলো যে, প্রশ্নকারী যদি প্রশ্ন না করতেন (তবে সেটা কতইনা ভালো হতো)! আপনার উপর দরুদ পাঠ করবো?" তারপর তিনি জবাবে বলেন, "তোমরা বলবে, ক্র্মুন্ন বুলি, বুলি ক্রমুন্ন ত্রুন্ন তুর্ন তুর্ন

আর সালাম পেশ করার ব্যাপারটি তেমনি, যেমনটি তোমরা যেমন শিক্ষা করেছো।"[1]

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৮৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৬৫-১৬৬; মুসনাদ ইমাম শাফে জ: ১/৯০-৯১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩১০৮; মুসনাদ আহমাদ: ৪/১১৮; সহীহ মুসলিম: ৪০৫; আবূ দাউদ: ৯৮০; নাসাঈ: ৩/৪৫; তিরমিযী: ৩২২০; দারেমী: ১/৩০৯-৩১০; তাবারানী: ১৭/৬৯৭; সুনান বাইহাকী: ২/১৪৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91272

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন